দৈনিক খবর

তারিখ ...16 NOV 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭

18

# ৮টি কলেজে কেউ পাস করেনি

।। স্টাফ রিপোর্টার ।।

রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে গত জুলাই-আগস্টে অনুষ্ঠিত এবারের এইচএসসি পরীক্ষায় ৮টি কলেজের কোন ছাত্রই পাস করেনি। গেজেটে এসব কলেজের ফলাফল ঘরে কেবল লেখা আছে 'নাই'। এর বাইরে আরও কিছু কলেজ আছে যেসব কলেজ থেকে মানবিক, বিজ্ঞান বা বাণিজ্য শাখায় ১ বা ২ জন পাস করেছে মাত্র।

যে ৮টি কলেজ থেকে কেউ পাস করেনি, সেগুলোর নাম হচ্ছে- নওগাঁর গাংপুরিয়া মহাবিদ্যালয়, ঈশ্বরদীর বাশেরবাদা মহাবিদ্যালয়, বগুড়ার বালুয়াহাট মহাবিদ্যালয়, দিনাজপুরের পাঁচবাড়ী মহাবিদ্যালয়, গাইবান্ধার তুলসীঘাট শামসুল হক মহাবিদ্যালয়,

২-এর পাতায় দেখুন

## ৮টি কলেজের

প্রথম পৃষ্ঠার পর

লালমনিরহাটের মজিদা খাতুন মহিলা মহাবিদ্যালয়, কুড়িগ্রামের মজিদা আদর্শ মহাবিদ্যালয়, নীলফামারীর মশিউর রহমান কলেজ।

নাটোরের পগলী শহীদুল্লাহ কলেজ ও কুড়িগ্রামের পাঁচপীর মহাবিদ্যালয়সহ বেশ কিছু কলেজে সবেমাত্র ১ জন করে পাস করেছে। এমন কলেজের উদাহরণ বহু।